



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫




স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০৮৮.২১ >>>

তারিখঃ ২২/১২/২০২১খ্রিঃ

বিষয়: ইরেসপো ২য় পর্যায় প্রকল্পের উপজেলা পর্যায়ে বিদ্যমান ০৪টি ব্যাংক হিসাব পরিচালনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের উপজেলা পর্যায়ে কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত ০৪টি ব্যাংক হিসাব পরিচালনার ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

ক্র:নং	হিসাবের শিরোনাম	যে ধরনের কর্মকাণ্ড পরিচালনা করা হবে
১	IRESPPW-2 nd Phase, BRDB	এই হিসাবে প্রকল্প সদর দপ্তর হতে উপজেলা দপ্তরে ঋণ তহবিলসহ অন্যান্য খাতের অর্থ ছাড় করা হবে। প্রকল্পের ঋণ তহবিল ও কিশোরীদের সঞ্চয় প্রণোদনা তহবিল ব্যতীত সকল ব্যয় উক্ত হিসাবের মাধ্যমে পরিচালিত হবে। প্রকল্প সদর দপ্তর হতে ছাড়কৃত ঋণ তহবিল উক্ত হিসাব হতে IRESPPW (LOAN FUND) BRDB হিসাবে এবং কিশোরীদের সঞ্চয় প্রণোদনার অর্থ IRESPPW (SG), BRDB হিসাবে স্থানান্তরিত হবে।
২	IRESPPW (LOAN FUND) BRDB	১. IRESPPW-2 nd Phase, BRDB হতে প্রাপ্ত ঋণ তহবিল (ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণ) এই হিসাবে স্থানান্তরপূর্বক ঋণ কার্যক্রম পরিচালনা করতে হবে; ২. বিদ্যমান ঋণ তহবিল ও আদায়কৃত সঞ্চয় এই হিসাবে জমা হবে এবং সুফলভোগীদের জমাকৃত সঞ্চয় ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জমা হলেই তা লাভজনক খাতে (এফডিআর) বিনিয়োগ নিশ্চিত করতে হবে; ৩. আদায়কৃত সেবামূল্যের বেতনভাতা ও উপজেলা দপ্তরের প্রশাসনিক ব্যয় খাতের অংশ IRESPPW (SALARY), BRDB হিসাবে স্থানান্তর করতে হবে; ৪. কু-ঋণ তহবিল এই হিসাবে জমা হবে এবং লাভজনক খাতে (এফডিআর) বিনিয়োগ নিশ্চিত করতে হবে; ৫. ম্যানেজার কমিশন এই হিসাব হতে পরিশোধযোগ্য হবে; ৬. প্রকল্প সদর দপ্তরের পরিচালন ব্যয় এই হিসাব হতে প্রদানযোগ্য হবে;
৩	IRESPPW (SALARY), BRDB	IRESPPW (LOAN FUND) BRDB হিসাব হতে আদায়কৃত সেবামূল্যের বেতন-ভাতা ও উপজেলা দপ্তরের প্রশাসনিক ব্যয় বাবদ প্রাপ্ত অর্থ এই হিসাবে স্থানান্তর করে বেতন ভাতা সংক্রান্ত ব্যয় নির্বাহ করতে হবে। তবে প্রশাসনিক ব্যয় খাতের কোন অর্থ প্রকল্প সদর দপ্তরের পূর্বানুমোদন ব্যতীত ব্যয় করা যাবে না। এছাড়া ক্ষেত্র বিশেষে কর্মসূচি সদর দপ্তর হতে ছাড়কৃত বেতন-ভাতার অর্থ উক্ত হিসাবে জমা ও ব্যয় নির্বাহ করতে হবে।
৪	IRESPPW (SG), BRDB	IRESPPW-2 nd Phase, BRDB হিসাব হতে কিশোরীদের সঞ্চয় প্রণোদনা এই হিসাবে স্থানান্তর করতে হবে। হাইস্কুলগামী কিশোরীদের সঞ্চয় জমা, উত্তোলন এবং সঞ্চয় প্রণোদনা প্রদান সংক্রান্ত কার্যক্রম উক্ত হিসাবের মাধ্যমে পরিচালিত হবে। এই হিসাবে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জমা হলেই তা লাভজনক খাতে (এফডিআর) বিনিয়োগ নিশ্চিত করতে হবে;


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা:, জেলা.....(প্রকল্পভুক্ত সকল উপজেলা)।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা.....(প্রকল্পভুক্ত সকল জেলা)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. পরিচালক (প্রশাসন/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা/হিসাব সহকারী (ইরেসপো), উপজেলা: জেলা.....(প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৫. অফিস নথি।